



বগুড়ায় জনপ্রশাসন প্রতিমন্ত্রীর গাড়ির ধাক্কায় আহত নারীর মৃত্যু



ছবি: সংগৃহীত

বগুড়ার শিবগঞ্জে জনপ্রশাসন ও খাদ্য প্রতিমন্ত্রী আবদুল বারীকে বহনকারী সরকারি গাড়ির ধাক্কায় আহত ফিরোজা বেগম (৬০) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

শুক্রবার দুপুরে বগুড়ার টিএমএসএস মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

শুক্রবার সকাল ৯টার দিকে মোকামতলা-জয়পুরহাট সড়কের শিবগঞ্জ উপজেলার কিচক ইউনিয়নের গোপীনাথপুর এলাকায় দুর্ঘটনাটি ঘটে।

নিহত ফিরোজা বেগম গোপীনাথপুর গ্রামের মৃত নিজাম উদ্দিনের স্ত্রী। দুর্ঘটনায় প্রতিমন্ত্রী আবদুল বারীও আহত হন। ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন শিবগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহিনুজ্জামান।

স্থানীয় সূত্রে জানা গেছে, সরকারি সফরে ঢাকা থেকে নিজের সংসদীয় নির্বাচনী এলাকা জয়পুরহাট-২ এর উদ্দেশ্যে যাচ্ছিলেন প্রতিমন্ত্রী আবদুল বারী। গোপীনাথপুর এলাকায় পৌঁছালে রাস্তা পার হওয়ার সময় বখির ফিরোজা বেগম গাড়িটির সামনে চলে আসেন।

এ সময় সরকারি গাড়িটির ধাক্কায় তিনি গুরুতর আহত হন। একপর্যায়ে চালক গাড়ির নিয়ন্ত্রণ হারালে সেটি সড়কের পাশের ধানক্ষেতে গিয়ে পড়ে।

দুর্ঘটনার সময় গাড়িতে প্রতিমন্ত্রীর সহধর্মিণীও ছিলেন। ঘটনার পর প্রতিমন্ত্রীকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরে তিনি নিজ বাড়িতে ফিরে যান।

এদিকে স্থানীয়রা আহত ফিরোজা বেগমকে উদ্ধার করে টিএমএসএস মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় শুক্রবার দুপুর পৌনে ১২টার দিকে তিনি মারা যান।

বগুড়া সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইব্রাহীম আলী জানান, ফিরোজা বেগমের মরদেহ বর্তমানে হাসপাতাল পুলিশ হেফাজতে রয়েছে। পরিবারের সদস্যরা হাসপাতালে অবস্থান করছেন। তাদের সঙ্গে আলোচনা করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।